

উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি (মৎস্য ও প্রাণিসম্পদ), গজারিয়া, মুন্সীগঞ্জ এর
ডিসেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব খাদিজা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার স্থানঃ উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখঃ ২৯/১২/২০২২

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব আতাউর রহমান নেকী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, হোসেন্দী ইউনিয়ন, পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন, পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, টেঙ্গারচর ইউনিয়ন পরিষদ গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
৫	চেয়ারম্যান, বাউশিয়া ইউনিয়ন, পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
৬	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত
৭	উপজেলা মৎস্য অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি, সদস্য সচিব উপজেলা মৎস্য অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ কে মৎস্য বিভাগীয় চলমান কার্যক্রম এবং প্রাণিসম্পদ অফিসারকে তার বিভাগীয় চলমান কার্যক্রম সম্পর্কে উপস্থাপন করতে অনুরোধ করেন।

বিভাগ ভিত্তিক আলোচ্যসূচি নিম্নরূপঃ

ক্রমিক নং	সংশ্লিষ্ট বিষয়ের আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা মৎস্য বিভাগঃ ১। উপজেলা মৎস্য অফিসার অক্টোবর/২১ মাসে মা ইলিশ রক্ষায় সকলের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। তিনি আরো বলেন যে, দেশের ইলিশ সম্পদ রক্ষায় ইলিশের পোনা জাটকা রক্ষা একটি অপরিহার্য বিষয়। চলতি মাস নভেম্বর থেকে জুন পর্যন্ত জাটকার মৌসুম তাই এ সময় জাটকা রক্ষায় যথাযথ ব্যবস্থার প্রয়োজন।	১। উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে মাইকিং করে জেলেদের জাটকা আহরণে বিরত থাকতে অবহিত করা। ২। জাটকা সংরক্ষনে জেলেদের মাঝে গণসচেতনতা সৃষ্টি করা। ৩। হাট বাজার নিয়মিত পরিদর্শনের মাধ্যমে জাটকা ক্রয়-বিক্রয় বন্ধ রাখা। ৪। নদীতে নিয়মিত	সদস্য সচিব উপজেলা পরিষদ (মৎস্য ও প্রাণিসম্পদ) স্ট্যান্ডিং কমিটি এবং উপজেলা মৎস্য কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ

	<p>২। বিভিন্ন ধরনের অবৈধ ও নিষিদ্ধ জাল মৎস্যের জন্য ০৪ জানুয়ারী, ২০২৩ থেকে ২৫ ফেব্রুয়ারী, ২০২৩ পর্যন্ত ০৪ (চার) ধাপে বিশেষ কন্সিং অপারেশন-২০২৩ পরিচালিত হবে। উক্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উপজেলা মৎস্য অফিসার সকলের সহযোগীতা কামনা করেন।</p>	<p>অভিযান/মোবাইলকোর্ট পরিচালনার মাধ্যমে জাটকা ইলিশ রক্ষা করা। ৫। অবৈধ জাল ব্যবহারের ফলে দেশের মৎস্যসম্পদের ওপর যে ক্ষতিকর প্রভাব পড়বে তা তুলে ধরে অবৈধ জাল ব্যবহারে নিরুৎসাহিত করতে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলে গরীসহ নদ-নদী এলাকায় সাইকিং প্রচার প্রচারণা করা।</p>	
<p>০২</p>	<p>প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার গজারিয়া উপজেলা, গজারিয়া উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় নির্বাচিত প্রকল্পসমূহের ব্যাপারে আলোকপাত করেন এবং ছাগল ভেড়া পিপিআর গবাদিপশুর ক্ষুরারোগের প্রাদুর্ভাব, আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের গবাদিপশু পালনের মাধ্যমে স্বাবলম্বি হওয়ার কার্যক্রম।</p>	<p>জনসচেতনতার লক্ষ্যে উঠান বৈঠক, টিকা প্রদান কর্মসূচি ও আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের পশু পালনের ট্রেনিং এর সুপারিশ করা হয় এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।</p>	<p>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ</p>

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


সভাপতি

খাদিজা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গজারিয়া, মুন্সীগঞ্জ

স্মারক নং- ৩৩.০২.৫৯২৪.৫০১.৪৪.০০১.২১-৩১৭ (০৪)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৪। দপ্তর নথি।

তারিখঃ ২৯/১২/২০২২ খ্রি.


ইকবাল হোসেন

সদস্য সচিব
উপজেলা পরিষদ (মৎস্য ও
প্রাণিসম্পদ) স্ট্যান্ডিং কমিটি
এবং উপজেলা মৎস্য কর্মকর্তা,
গজারিয়া, মুন্সীগঞ্জ